# উপজেলা পরিষদ কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ

বিষয় ঃ আগস্ট/২০২৫ (বিবেচ্য জুলাই/২০২৫) মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোছাঃ পপি খাতুন,
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

সভার তারিখ ও সময় ঃ ৩১/০৮/২০২৫ খ্রি., বেলা-১২.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় গত জুলাই/২০২৫ মাসে অনুষ্ঠিত (বিবেচ্য মাস জুন/২০২৫) উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর, নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| বিভাগ/অফিস | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার অফিস হতে তথ্য পাওয়া যায়নি। সভায় আলোচনান্তে তাঁর বিভাগের কার্যক্রমের তথ্য মাসিক সভা শুরুর আগের দিন প্রেরণে জন্য অভিমত ব্যক্ত করা হয়। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনাসহ তাঁর বিভাগের কার্যক্রমের তথ্য মাসিক সভা শুরুর আগের দিন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা তাড়াইল |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, জুলাই/২০২৫ মাস পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা ৩২২১৮ জন, মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৫২৬২জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৭৮.৪১। জুলাই/২০২৫ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ০০ জন মহিলা ৩জন, আইইউডি ৭জন, ইমপ্লান্ট ০০জন, খাবার বড়ি সেবনকারী ৮৬২জন, কনডম গ্রহণকারী ৩৪৯জন, ইনজেকশন গ্রহণকারী ৩২৪জন, মোট গর্ভবতীর সংখ্যা ১১৯জন, গর্ভকালীন সেব গ্রহণকারী ৪৭৩জন, প্রসব সেবা ১২৩ জন, প্রসবোত্তর সেবা গ্রহণকারী ২০৮জন, শিশু সেবাগ্রহণকারী ৫৬৯জন, ইসিপি ৯ জন, কিশোর/কিশোরী সেবা ৫৩৯৪ জন, পুষ্টি সেবা ২৪০৪ জন, সাধারণ পুরুষ রোগী সেবাগ্রহণকারী ৩৮৬জন ও সাধারণ মহিলা রোগী সেবাগ্রহণকারী ১৭৫৫জন, মিসোপ্রোষ্টল ২৭০ জন। এছাড়া জনবল স্বল্পতা নিয়েও জন্মনিয়ন্ত্রণ সেবা, মা ও শিশু স্বাস্থ্য সেবা, গর্ভকালীন সেবা, প্রসব সেবা, কিশোর-কিশোরী সেবা বৃদ্ধিকরণসহ কোভিড-১৯সহ অন্যান্য রোগের বিস্তার রোধে জনসচেতনতা বৃদ্ধিতে কাজ করা হচ্ছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্রগুলোতে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চয়তাসহ আসবাবপত্র সরবরাহের জন্য সভায় অনুরোধ জানান। | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্রগুলোতে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চয়তাসহ আসবাবপত্র সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্দ্ধতন কর্মকর্তা ববাবরে পত্র লিখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাড়াইল |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে আউশ ধান আবাদ হয়েছে ৯৬ হেক্টর জমিতে, এ পর্যন্ত ৮৫% কর্তত হয়েছে। রোপা আমন ধানের আদায় লক্ষ্যমাত্রা ৭৭৭৫ হেক্টর। রোপা আমন ধানের রোপন প্রায় ৮০% সম্পন্ন হয়েছে। তাড়াইল উপজেলায় মোট সবজি আদাব হয়েছে ২৭০ হেক্টর। বর্তমানের উপজেলায় রাসায়নিক সার, বীজ ও বালাইনাশক এর মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, তাড়াইল |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে,<br>১। উপজেলা পরিষদের রাজস্ব ও উন্নয়ন বাজেটে ০৫ টি প্যাকেজে রাস্তা ও ফার্ণিচার সাপ্লাই দরপত্র সমূহের চুক্তি সম্পন্ন হয়। ঠিকাদারগণ কাজ শুরু করার প্রস্তুতি গ্রহণ করছেন। নতুন প্রশাসনিক ভবনের রাস্তার কাজ শুরু করার পূর্বে সাইট ক্লিয়ারেন্সের জন্য ০৪ (চার) টি মেহগনি/সেগুন গাছ কর্তন | নতুন প্রশাসনিক ভবনের রাস্তার কাজ শুরু করার পূর্বে সাইট ক্লিয়ারেন্সের জন্য ০৪ (চার) টি মেহগনি/সেগুন গাছ কর্তন করার লক্ষ্যে মূল্য | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | করা প্রয়োজন। মন্ত্রণালয় কর্তৃক গাছ কর্তনের অনুমোদনের ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হলো। | নির্ধারণের জন্য বন বিভাগকে অনুরোধ করা হয়। | পরিষদ, তাড়াইল |
| | ২। জুন/২০২৫ মাসের সভায় সিদ্ধান্ত মোতাবেক উন্নয়ন ফান্ড হতে কোটেশন পদ্ধতির মাধ্যমে ২টি স্কীমের সীমানা প্রাচীর নির্মাণ বাস্তবায়নের সুপারিশের প্রেক্ষিতে প্রাক্কলন অনুমোদিত হয় যা প্যাকেজ নং-০১/২০২৫-২৬ ও প্যাকেজ নং-০২/২০২৫-২৬ এ কোটেশন দরপত্র আহবান প্রক্রিয়াধীন। | গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন কার্যক্রম বিধি মোতাবেক গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি তাড়াইল |
| | ৩। জুলাই/২০২৫ মাসের সভার সিদ্ধান্ত মোতাবেক উন্নয়ন ফান্ড হতে কোটেশন পদ্ধতির মাধ্যমে ২টি স্কীমে সোলার স্ট্রীট লাইট স্থাপনের বাস্তবায়নের সুপারিশের প্রেক্ষিতে প্রাক্কলন অনুমোদিত হয় যা প্যাকেজ নং-০৩/২০২৫-২৬ ও প্যাকেজ নং-০৪/২০২৫-২৬ এ কোটেশন দরপত্র আহবান প্রক্রিয়াধীন। | ৭নং ক্রমিকে বর্ণিত ১২টি প্রকল্পসমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| | ৪। জুলাই/২০২৫ মাসের সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা রাজস্ব হতে বাসা-বাড়ি মেরামত খাতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কোটেশন পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের সুপারিশের প্রেক্ষিতে প্রাক্কলন অনুমোদিত হয় যা প্যাকেজ নং-০৫/২০২৫-২৬ এ কোটেশন দরপত্র আহবান প্রক্রিয়াধীন। | | |
| | ৫। জুলাই/২০২৫ মাসের সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা উন্নয়ন ফান্ড হতে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত মোতাবেক ০৯ (নয়)টি প্রকল্পের অনুকূলে প্রাক্কলন প্রস্তুত করা হয়। ই-জিপি মাধ্যমে LTM পদ্ধতিতে দরপত্র আহবান করা হবে। | | |
| | ৬। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "প্রোগ্রাম ফর সাপোর্টিং রুরাল ব্রীজেস" শীর্ষক প্রকল্পের আওতায় তাড়াইল উপজেলাধীন তাড়াইল সাচাইল ইউপি-তাড়াইল বাজার সড়কে ০.৪০২ মিটার চেইনেজে নরসুন্দা নদীর উপর ৯০.০৬ মিটার দীর্ঘ পিএসসি গার্ডার ব্রীজ এর এপ্রোচ রোড নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৮. ০৬.০৪০.২২ (অংশ)-৭২১ তাং-০৪/০৮/২০২৫ মূলে ভূমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। মৌজাঃ বরুহা, জে, এল, নং-৫৭, সিট নং-০১, আর, এস, দাগ নং-২,৩,৫২৮,৫৩০ ভূমির পরিমাণঃ ০.২৬৬৯ একর ও মৌজাঃ সাচাইল, জে, এল, নং-৪৩, সিট নং-০৪, আর, এস, দাগ নং-২৫৯৮, ২৬০০, ২৬০১, ২৬০৩, ২৬০৪, ২৬০৭, ২৬০৮, ২৭১১ ভূমির পরিমাণঃ-০.২৬১৪ একর। সর্বমোট=০.৫২৮৩ একর। ভূমি অধিগ্রহণের সার্বিক সহযোগিতার জন্য পরিষদকে অনুরোধ হলো। | | |
| | ৭। উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ি, গ্যারেজ, আভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি রাজস্ব তহবিল হতে মেরামতের লক্ষ্যে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে-<br>১। উপজেলা মিটিং রুমের ০৫টি এয়ারকুলার-৬,২৭,৫৭১/-<br>২। উপজেলা নির্বাহী কর্মকর্তার গ্যারেজ নির্মাণ-৯,৮৬,৪৬০/-<br>৩। ডরমিটরী ভবন মেরামত-৯,৫৫,৪৩০/-<br>৪। কোয়ার্টারভবন- 'বি-১' মেরামত-৫,৫৮,৯০১/-<br>৫। কোয়ার্টার ভবন- 'বি-২' মেরামত-৪,২০,৩৬৮/-<br>৬। কোয়ার্টার ভবন- 'বি-৩' মেরামত-৫,৫৫,০২৩/-<br>৭। কোয়ার্টার ভবন- 'বি-৪' মেরামত-৫,৫৫,১৭৮/-<br>৮। কোয়ার্টার ভবন- 'বি-৫' মেরামত-৩,৬৩,১০৬/-<br>৯। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর উঁচুকরণ-৫,০০,০০০/-<br>১০। উপজেলা নতুন প্রশাসনিক ভবনের সিকিউরিটি গেইট-২,৭৯,৯০৫/- | | |

<table>
<tr><td></td><td>১১। নতুন প্রশাসনিক ভবনের মটর সাইকেল গ্যারেজ নির্মাণ-৯,৮৬,৪৬০/-<br>১২। উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ-৩৯,৬০,৮৬৪/-<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।</td><td></td><td></td></tr>
<tr><td>উপজেলা পরিষদ</td><td>১। উপজেলা পরিষদের প্রশাসক বলেন গত সভায় গৃহীত ১৪টি প্রকল্পের মধ্যে ১১টি প্রকল্প ব্যয় ও বাস্তবায়ন পদ্ধতি অনুসারে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। অবশিষ্ট ৩টি প্রকল্প বাস্তবায়ন মূল্য ও পদ্ধতি উল্লেখ ছিল না। বর্তমানে উপজেলা প্রকৌশলী ঐ ৩টি প্রকল্প হতে যাচাই বাছাই করে নতুন অন্তর্ভূক্ত করে উপজেলা পরিষদের উন্নয়ন ফান্ড হতে নিম্নোক্তভাবে প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রস্তাব রাখেন।
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>টাকার পরিমাণ</th><th>পদ্ধতি</th></tr>
<tr><td>১। হাছলা সঞ্জু মিয়ার বাড়ি হতে বারেক বেপারীর বাড়ি পর্যন্ত H.B.B করণ</td><td>৬,৯০,০০০/-</td><td>টেন্ডার</td></tr>
<tr><td>২। ভাওয়াল উত্তর পাড়া বাবর আলী কেরানীর বাড়ি হতে ঈদগাহ মাঠ এবং গোরস্থান পর্যন্ত রাস্তা H.B.B করণ</td><td>৬,৯০,০০০/-</td><td>টেন্ডার</td></tr>
<tr><td>৩। ধলা বর্ণি রোড শান্তিপুর পাঞ্জিখানার সামনে হতে ধানকুনিয়া ব্রিজ পর্যন্ত রাস্তা সলিং করণ</td><td>৩,৬০,০০০/-</td><td>টেন্ডার</td></tr>
<tr><td>৪। শামুকজানি দক্ষিণপাড়া এলজিইডি রাস্তা হতে শামুকজানি মসজিদের গলির রাস্তা সিসি করণ</td><td>৪,২০,০০০/-</td><td>টেন্ডার</td></tr>
</table>
সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।</td><td>তাড়াইল উপজেলার উন্নয়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থ বছরে উন্নয়ন তহবিল হতে গত সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে যাচাই বাছাইয়ান্তে বর্ণিত ৪টি প্রকল্প পার্শ্বে বর্ণিত পদ্ধতি অনুসরণে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td></td></tr>
<tr><td>শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, তার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে দ্বিতীয় প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা চলমান আছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা</td></tr>
<tr><td>মৎস্য বিভাগ</td><td>সভায় উপস্থিত উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, মৎস্য সংক্রান্ত বিষয়ে সেবা নিতে আসা জনগণকে পরামর্শ প্রদানসহ খামার পরিদর্শন, লাইসেন্স নবায়ন, বিল, নার্সারী স্থাপন, জলমহালের অভয়াশ্রম নিয়মিতভাবে পরিদর্শন করা হয়।। এ মাসে সুতি নদীতে ২০টি চায়না দুয়ারি জাল, যার আনুমানিক দৈর্ঘ্য ৮০০ মিটার, আনুমানিক মূল্য ৭৫,০০০/- টাকা এবং ২০টি কারেন্ট বাল যার আনুমানিক দৈর্ঘ্য ১৭০০ মিটার আনুমানিক মূল্য ৭০,০০০/- টাকা আটক করে জনসম্মুখে আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়।</td><td>সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা মৎস্য অফিসার, তাড়াইল</td></tr>
<tr><td>যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, এ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ঋণের পরিমাণ ৩,১১,০৮,০০০/- টাকা ১০৩৬ জনকে প্রদান করে হয়েছে। বিবেচ্য মাসে আদায়ের পরিমাণ ১,৪৯,৭৩০/- টাকা আদায় করা হয়েছে। আদায়ের হার ৮৮.৫৪%। এ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত ৮৪১২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাড়াইল উপজেলায় ৪২টি যুব সংগঠন রয়েছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাড়াইল</td></tr>
<tr><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বক্তব্য জানা গেলা না।</td><td>সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাড়াইল</td></tr>
<tr><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে।</td><td>সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা সমবায় অফিসার</td></tr>
<tr><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ</td><td>২০২৫-২০২৬ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় উপকারভোগীর হালনাগাদ তালিকা প্রেরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর পত্র দিয়েছে। সে প্রেক্ষিতে প্রতিটি ইউনিয়নের উপকারভোগী যাচাই-বাছাই ও উপকারভোগী নামের তালিকা হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া মানবিক সহায়তা কর্মসূচির আওতায় শুকনা খাবার বিতরণ চলমান রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাড়াইল</td></tr>
<tr><td>মহিলা বিষয়ক</td><td>সভায় অনুপস্থিত থাকায় তার বক্তব্য জানা গেলা না।</td><td>সুষ্ঠুভাবে সকল কার্যক্রম</td><td>উপজেলা</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | মহিলা বিষয়ক অফিসার |
| জনস্বাস্থ্য বিভাগ | সভায় অনুপস্থিত থাকায় তার বক্তব্য জানা গেলা না। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার অফিস হতে তথ্য পাওয়া যায়নি। সভায় আলোচনান্তে তাঁর বিভাগের কার্যক্রমের তথ্য মাসিক সভা শুরুর আগের দিন প্রেরণে জন্য অভিমত ব্যক্ত করা হয়। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনাসহ তাঁর বিভাগের কার্যক্রমের তথ্য মাসিক সভা শুরুর আগের দিন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক অফিসার, তাড়াইল |
| ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার | উপজেলা ইন্সট্রাক্টর এর নিয়ন্ত্রণে এখানে নিয়মিতভাবে টিচারদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে। তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। | ইন্সট্রাক্টর, ইউআরসি, তাড়াইল |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| বন বিভাগ | গত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনের সম্মুখে ও পার্শ্ব রাস্তা করার জন্য আকাশি গাছ-০১ টি, মেহগনি গাছ-০২টি কর্তন এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে জরাজীর্ণ ও মড়া কর্তনকৃত ৬৭ (সাতষট্টি) টি গাছ নিলামের নিমিত্ত বন অধিদপ্তর কর্তৃক মূল্য নির্ধারিণ করে বিভাগীয় অফিস, ময়মনসিংহে প্রেরণ করা হয়েছে মর্মে জানান। | উপজেলা পরিষদের অভ্যন্তরে গাছসমূহ নিলামের বিক্রয়ের নিমিত্ত বন অধিদপ্তর কর্তৃক মূল্য নির্ধারণের জন্য পুনরায় অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা, তাড়াইল |
| খাদ্য নিয়ন্ত্রণ বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| বিবিধ | সভাপতি বলেন, উপজেলা প্রকৌশলী, এলজিইডি বলেন, গত ৩০/৬/২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় জুলাই শহীদের কবরস্থান উন্নয়ন নামে ১,০০,০০০/- টাকার প্রকল্প গ্রহণ করা হয়। উক্ত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে শহীদ কবরে স্থাপনের নিমিত্ত মার্বেল পাথরে লিখা বাবদ ৩৯,০০০/- টাকা ব্যয় হয়। কিন্তু শহীদ রুবেলের কবর সামাজিক কবরস্থানে হওয়ায় এলাকার লোকজন কবর পাকা করতে দিবেনা মর্মে এলাকায় উত্তেজনা সৃষ্টি হয়। ফলে উক্ত প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। ইতোমধ্যে ক্রয়কৃত ৩৯,০০০/- টাকার ব্যয় কোথা হতে মিটানো হবে সে বিষয়ে সভায় সিদ্ধান্ত চাওয়া হয়। সভায় উপস্থিত সবায় উক্ত ব্যয় রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে মিটানোর জন্য অভিমত ব্যক্ত করেন।<br><br>উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবনে অফিস স্থানান্তর করা হয়েছে। উপজেলা পরিষদের পুরাতন ভবনের পাশে একটি হলরুম রয়েছে। যাতে বিভিন্ন সরকারি অফিসের পাশাপাশি এনজিও, বেসরকারি প্রতিষ্ঠান ও স্বেচ্ছাসেবী সংগঠন সভা সেমিনার করে থাকেন। কিন্তু কোন নির্দিষ্ট ভাড়া নির্ধারণ না থাকায় উপজেলা পরিষদ রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে।<br>সভাপতি বলেন, তাড়াইল উপজেলা পরিষদকে আরো সুন্দর ও পরিচ্ছন্ন করার লক্ষ্যে গৃহীত উন্নয়নমূলক প্রকল্প চলমান। গৃহীত উন্নয়ন প্রকল্পের কাজ শেষ হলে উপজেলা পরিষদের সৌন্দর্য বৃদ্ধি পাবে। পরিশেষে সভাপতি সকলের সহযোগিতা কামনা করেন। এতদবিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জুলাই শহীদ রুবেলের কবরস্থান পাঁকাকরণ বাবদ মার্বেল পাথর ক্রয় বাবদ ১৪,০০০/- টাকা ভাউচার মাধ্যমে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>২। জুলাই শহীদ রুবেলের কবরস্থানের ফলকের মার্বেল পাথরের লিখনী বাবদ ২৫,০০০/- টাকা ভাউচার মাধ্যমে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>উপজেলা পরিষদের পুরাতন ভবনের পার্শ্বের হলরুমটি এনজিও, বেসরকারি প্রতিষ্ঠান ও স্বেচ্ছাসেবী অরাজনৈতিক সংগঠন সভা সেমিনারের জন্য ভাড়া বাবদ ৩,০০০/- টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ |

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১/০৮/২০২৫

(মোছাঃ পাপি খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৪৮৯২.০০০.০০.০১.২৫-৯৩৬ তারিখ-৩১/০৮/২০২৫ খ্রি.

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

০১। সচিব, স্থানীয় সরকার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৫। উপপরিচালক স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৬। উপজেলা ...................................................... কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ এবং সদস্য, উপজেলা পরিষদ।
০৭। চেয়ারম্যান (সকল) .......................................ইউনিয়ন পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ এবং সদস্য, উপজেলা পরিষদ।

৩১/০৮/২০২৫

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

CamScanner